গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১৩ মার্চ, ২০১২ তারিখে অনুষ্ঠিত ১৪তম সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১৪তম সভা ১৩ মার্চ, ২০১২ তারিখ সকাল ১১.০০ টায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান জনাব আবদুস সোবহান সিকদার এর সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট - 'ক' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক ও বোর্ডের সদস্য-সচিব জনাব মোঃ আলী মোস্তাফা চৌধুরী - কে অনুরোধ করেন। মহাপরিচালক সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ০১ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২১-০৯-২০১১ তারিখে অনুষ্ঠিত ১৩তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২১-০৯-২০১১ তারিখে অনুষ্ঠিত ১৩তম সভার কার্যবিবরণী বোর্ডের সম্মানিত সদস্যদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছিল। কার্যবিবরণী সম্পর্কে সম্মানিত সদস্যদের নিকট হতে কোনরূপ সংশোধনী প্রস্তাব/মন্তব্য না পাওয়ায় কার্যবিবরণীটি নিশ্চিত (Confirm) করা হয়।

**আলোচ্য বিষয় ০২ঃ বিগত ২১-০৯-২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ১৩তম সভার সিদ্ধান্ত অগ্রগতি পর্যালোচনা ও ১৪তম সভার সিদ্ধান্তসমূহ ।**

**২.১ খুলনা বিভাগীয় সদরে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য ষ্টাফ বাস ভাড়াকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্মারক নং ০৫.৮১.০০০০.০০১. ০৩.০২৯.৯৮-৭৯ তারিখঃ ১২-০২-২০১২ এর মাধ্যমে ৫৬ আসন বিশিষ্ট ১২ টি বড় বাস এবং ২৮ আসন বিশিষ্ট ২টি মিনি বাস সহ মোট ১৪ টি বাস ক্রয়ের জন্য মেসার্স প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ কে কার্যাদেশ প্রদান করা হয়েছে বলে সভায় জানানো হয়। বাস ক্রয়ের কাজ সম্পাদিত হলে বিভাগীয় কার্যালয়, খুলনার জন্য বাস বরাদ্দ করা হবে।

**সিদ্ধান্ত ঃ** বোর্ডের প্রধান কার্যালয় থেকে গাড়ী ক্রয় করা হলে খুলনা বিভাগের জন্য ২টি গাড়ী বরাদ্দ করা হবে।

**বাস্তবায়ন ঃ** (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

(২) উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

CamScanner

## ২.২ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০তলা ভবন নির্মাণ প্রসঙ্গে।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ভবন নির্মাণের জন্য ১৩তম বোর্ড সভায় অনুমোদিত নকশা বোর্ডের মহাপরিচালক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক স্মারক নং ০৫.৮১.০০০০.০০২.০১.০১২.৯৯ (অংশ-২)-৩৭৩ তাং ২২-০৯-২০১১ এর মাধ্যমে প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর বরাবরে প্রেরণ করা হয়।

গণপূর্ত অধিদপ্তর কর্তৃক Feasibility Study প্রতিবেদন প্রণয়ন করে এবং উহার ভিত্তিতে টাঃ ৩৫৬৬২.৬১ লাখ ব্যয় সম্বলিত ডিপিপি প্রণয়ন করা হয়।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের আওতায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক গৃহীত নতুন প্রকল্প প্রণয়নের অগ্রগতি পর্যালোচনার জন্য গত ০৬-০২-২০১২ তারিখে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) প্রকল্পটি অনুমোদনের সুবিধার্থে কর্মচারী কল্যাণ বোর্ডের কিছু নিজস্ব অর্থায়নের ব্যবস্থা ডিপিপিতে অন্তর্ভূক্ত করার বিষয়টি কর্মচারী কল্যাণ বোর্ডের বোর্ড সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) এ প্রকল্পটি আগামী ২০১২-২০১৩ অর্থ বছরের মধ্য মেয়াদী বাজেট কাঠামোতে এবং এডিপিতে অন্তর্ভূক্ত করার জন্য একটি প্রস্তাব অর্থায়নের বিভাজনসহ (২০১২-২০১৭ পর্যন্ত) জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(গ) প্রকল্পের ডিপিপি আগামী ২০-০২-২০১২ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

DPP ও Feasibiltity Study Report গত ০৭-০২-১২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ডিপিপিতে প্রকল্প বাস্তবায়নকাল জুলাই, ২০১২ হতে জুন, ২০১৫ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। ভবনটি নির্মিত হলে মোট ৮২৬২১৯.১৩ বর্গফুট স্পেস পাওয়া যাবে। প্রতি বর্গফুট স্পেসের ভাড়া নূন্যতম ৩০.০০ টাকা হলে মাসিক ২৪৭.৮৭ লাখ এবং বার্ষিক ২৯৪৭.৩৯ লাখ আয় হওয়ার সম্ভাবনা রয়েছে। Internal Rate of return (IRR) 14.31, ফলে দীর্ঘ মেয়াদী প্রকল্পটি লাভজনক হবে বলে প্রতীয়মান হওয়ায় তা বাস্তবায়ন যুক্তিযুক্ত হবে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এর সভাপতিত্বে গত ২৯-০২-২০১২ইং তারিখে আভ্যন্তরীণ স্থায়ী কমিটি এক সভা অনুষ্ঠিত হয়। সভায় খসড়া ডিপিপি পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই-বাছাই কালে সভাপতি মতামত ব্যক্ত করেন যে, সেন্ট্রাল এ,সি বাদ দিয়ে ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠানের সুবিধামত এ,সি স্থাপনের ব্যবস্থা রেখে ন্যাচারাল ভ্যান্টিলেটেড ভবন তৈরী করা যেতে পারে। এ প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জানান যে, সেন্ট্রাল এ,সি বাদ দিলে প্রকল্পের ব্যয় কমে আনুমানিক টাঃ ৩০০০০.০০ লাখ (তিনশত কোটি) হতে পারে। সভায় সেন্ট্রাল এ,সি বাদ দিয়ে ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠানের সুবিধামত এ,সি স্থাপনের

CamScanner

ব্যবস্থা রেখে ন্যাচারাল ভ্যান্টিলেটেড ভবন তৈরীর উদ্দেশ্যে নকশা কিছুটা সংশোধনপূর্বক ডিপিপি প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকল্পটি বাস্তবায়নে অর্থ সংস্থানের বিষয়ে বোর্ডের মহাপরিচালক জনান যে, প্রকল্পটি অনুমোদনের সুবিধার্থে বোর্ড হতে কিছু অর্থ প্রদান করা হবে এবং কি পরিমান অর্থ ও কোন তহবিল হতে প্রদান করা হবে সে বিষয়ে বোর্ডের সিদ্ধান্ত প্রয়োজন। কল্যাণ তহবিলে টাঃ ১৩৯.০০ কোটি সোনালী ব্যাংকে স্থায়ী আমানতে বিনিয়োগ করা আছে ও বিনিয়োগকৃত আমানত হতে ২০১০-২০১১ অর্থ বছরে মুনাফা বাবদ টাঃ ১১,১২,০০,০০০/- পাওয়া গেছে। যৌথবীমা তহবিলে টাঃ ৪৬,৭১,৩৮,০০০/- জনতা ব্যাংকে স্থায়ী আমানতে বিনিয়োগ করা আছে এবং বিনিয়োগকৃত অর্থ হতে ২০১০-২০১১ অর্থ বছরে মুনাফা বাবদ টাঃ ২,৭৩,৭৫,০০০/- পাওয়া গেছে। তিনি আরো উল্লেখ করেন যে, প্রকল্পের জন্য অর্থ প্রদান করতে হলে এফডিআর ভাংগিয়ে দিতে হবে। এ বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, এফডিআর না ভাংগিয়ে এবং সাধারন কার্যক্রমে অসুবিধা সৃষ্টি না করে প্রকল্পের মোট ব্যয়ের ১০% বোর্ডের বিনিয়োগকৃত অর্থের মুনাফা হতে ৩ বছরে প্রদান করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** বোর্ডের এফডিআর না ভাংগিয়ে এবং সাধারন কার্যক্রমে অসুবিধা সৃষ্টি না করে প্রকল্পের মোট ব্যয়ের ১০% বোর্ডের বিনিয়োগকৃত অর্থের মুনাফা হতে ৩ বছরে প্রদান করা হবে।

**বাস্তবায়ন ঃ** মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

## ২.৩ বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করণ।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীর কমিউনিটি সেন্টারের পরিবর্তে পিপিপি এর মাধ্যমে বাণিজ্যিক ভবন নির্মাণ করে সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, পিপিপি এর মাধ্যমে বাণিজ্যিক ভবন তৈরী করা হলে জায়গার মালিকানা ও নিয়ন্ত্রনে অংশীদারিত্ব চলে আসে। ভবন নির্মানে কি পরিমান অর্থ ব্যয় হবে, কোন পক্ষ কত টাকা বিনিয়োগ করবে এবং কত বছর পর ভবনের মালিকানা বোর্ডের নিয়ন্ত্রনে আসবে সে বিষয়ে বোর্ডের কোন স্বচ্ছ ধারনা না থাকায় ভবিষ্যতে জটিলতা সৃষ্টি হতে পারে বিধায় পিপিপি এর ধারনাটি বাদ দেয়া যেতে পারে। তিনি আরো মতামত ব্যক্ত করেন যে, বিদ্যমান কমিউনিটি সেন্টারগুলোকে সল্পব্যয়ে সংস্কারের মাধ্যমে আধুনিকায়ন করে ব্যবহার উপযোগী করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনার পর বিদ্যমান কমিউনিটি সেন্টারগুলোকে সল্পব্যয়ে সংস্কারের মাধ্যমে আধুনিকায়নের কাজ সম্পাদনের জন্য সংশ্লিষ্ট বিভাগের কমিশনার ও উপ-পরিচালকগণ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা এর সাথে সমন্বয় পূর্বক সুপারিশ প্রণয়ন করবে বলে সকলেই একমত পোষণ করেন।

CamScanner

**সিদ্ধান্ত** ঃ বোর্ডের চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীর কমিউনিটি সেন্টারকে সম্পব্যয়ে সংস্কারের মাধ্যমে আধুনিকায়নের কাজ সম্পাদনের জন্য সংশ্লিষ্ট বিভাগের কমিশনার ও উপ-পরিচালকগণ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা এর সাথে সমন্বয় পূর্বক সুপারিশ প্রণয়ন করবেন।

**বাস্তবায়ন** ঃ (১) কমিশনার, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বিভাগ।
(২) উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী।

## ২.৪ বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের জন্য ৬টি ফটোকপি মেশিন ক্রয় প্রসঙ্গে।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সাংগঠনিক কাঠামো Tree আকারে অনুমোদনের বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। মন্ত্রণালয়ের সাথে প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে উক্ত ০৬ (ছয়)টি ফটোকপি মেশিন টিওএন্ডই-তে অন্তভূক্তির কাজ সম্পাদন করা যেতে পারে।

**সিদ্ধান্ত** ঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে ০৬ (ছয়)টি ফটোকপি মেশিন টিওএন্ডই-তে অন্তর্ভূক্তির কাজ সম্পাদন করতে হবে।

**বাস্তবায়ন** ঃ মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

## ২.৫ সোনালী ব্যাংকের পাওনা টাঃ ৫৫(পঞ্চান্ন) কোটি পরিশোধ প্রসঙ্গে।

সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা কার্ড ভিত্তিক হিসাব বিবরণী তৈরী করে বোর্ডের সাথে রিকনসাইল এর মাধ্যমে জরুরী ভিত্তিতে একটি পূর্নাঙ্গ প্রতিবেদন পেশ করার জন্য ২৪-১১-২০১১ তারিখে পত্র দেয়া হয়েছে। সোনালী ব্যাংক লিঃ থেকে এ বিষয়ে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, সোনালী ব্যাংক লিঃ এর উর্ধতন কর্মকর্তার সাথে যোগাযোগ করে হিসাব বিবরণী প্রদানের বিষয়ে তাগিদ দিতে হবে এবং বোর্ডের সাহায্য কার্যক্রম পরিচালনায় সোনালী ব্যাংক লিঃ কোন প্রকার সার্ভিস চার্জ গ্রহণ করে কিনা সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী বোর্ড সভায় পেশ করতে হবে।

**সিদ্ধান্ত** ঃ সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখার কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে হিসাব বিবরণী প্রদানের বিষয়ে তাগিদ দিতে হবে এবং বোর্ডের সাহায্য কার্যক্রম পরিচালনায় সোনালী ব্যাংক লিঃ কোন প্রকার সার্ভিস চার্য গ্রহণ করে কিনা সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী বোর্ড সভায় পেশ করতে হবে।

**বাস্তবায়ন** ঃ সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

## ২.৬ বি,আর,টি,সির ভাড়াকৃত বাসের ভাড়া পূনঃনির্ধারণ প্রসঙ্গে।

বিআরটিসির ভাড়াকৃত বাসের ভাড়া বৃদ্ধি না করে পূর্ব নির্ধারিত ভাড়াই বহাল থাকবে বলে বিআরটিসি-কে অবহিত করা হয়। উল্লেখ্য যে, জ্বালানী তেল, টায়ার, ব্যাটারী ইত্যাদির মূল্য বৃদ্ধি পাওয়ায় অন্যান্য প্রতিষ্ঠানে বিআরটিসি কর্তৃক ভাড়ায় প্রদানকৃত বাসের ভাড়া ৩৭.৫০% বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ভাড়া বৃদ্ধির বিষয়ে বোর্ডের আর্থিক সঙ্গতি বিবেচনা করে জুলাই/২০১২ থেকে ভাড়া কিছুটা বাড়ানো

CamScanner

যেতে পারে এবং এ বিষয়ে বোর্ডের মহাপরিচালক বিআরটিসির সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবেন বলে সভায় সকলেই একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** বিআরটিসির ভাড়াকৃত বাসের ভাড়া বোর্ডের আর্থিক সঙ্গতি বিবেচনা করে জুলাই/২০১২ থেকে কিছুটা বাড়ানো হবে এবং এ বিষয়ে বোর্ডের মহাপরিচালক বিআরটিসির সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**বাস্তবায়ন ঃ** (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
(২) উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**২.৭ বোর্ডের আয়বৃদ্ধি প্রসঙ্গে।**

চাঁদা ও প্রিমিয়ামের হার বৃদ্ধি বিষয়ে পুনঃ বিবেচনার জন্য বোর্ড কর্তৃক ১৯-১০-১১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। বোর্ডের মহাপরিচালক এ বিষয়ে জানান যে, অর্থ বিভাগের সাথে আলোচানা হয়েছে এবং বিষয়টি অর্থ বিভাগে পরীক্ষা-নিরীক্ষাধীন আছে। অর্থ বিভাগের সুপারিশ পাওয়া গেলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে কার্যাদি সম্পাদন করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** চাঁদা ও প্রিমিয়ামের হার বৃদ্ধি বিষয়ে পুনরায় বিবেচনার জন্য অর্থ বিভাগের সুপারিশ পাওয়া গেলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে কার্যাদি সম্পাদন করা হবে।

**বাস্তবায়ন ঃ** মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**২.৮ মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের বিশেষ মেরামত, গ্যাস লাইন সংযোগ ও চুলা স্থাপন সংক্রান্ত।**

মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারে গ্যাস লাইন সংযোগ ও চুলা স্থাপনের বিষয়ে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড তিতাস গ্যাস কোম্পানী লিঃ ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে সভায় একমত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড তিতাস গ্যাস কোম্পানী লিঃ ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**বাস্তবায়ন ঃ** উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**২.৯ হাসপাতাল পরিচালনাসহ সার্বিক ব্যবস্থাপনার নীতি/ পদ্ধতি ও জনবলসহ সাংগঠনিক কাঠামোর রূপরেখা প্রণয়নের জন্য পরামর্শক নিয়োগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্ট্যান্ডার্ড সেটআপ অনুযায়ী জনবল সৃষ্টির কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।**

১৫০ শয্যা বিশিষ্ট সরকারি কর্মচারী আধুনিক হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকার জন্য আরডিপিপি অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরীর ২৭৭ টি পদ সৃজনের প্রস্তাব করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা শাখা-২ কর্তৃক ২৪১ টি পদ সৃজনের বিষয়ে সম্মতি প্রদান করা হয়েছে যা অর্থ বিভাগে অনুমোদনের

CamScanner

অপেক্ষায় আছে বলে সভায় অবহিত করা হয়। হাসপাতালের তত্ত্বাবধায়ক ও প্রকল্প পরিচালক সভায় জানান যে, যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত সিএমএসডি কর্তৃক স্পেসিফিকেশন ও ডকুমেন্টস এর কাজ সম্পন্ন করে জানুয়ারী/২০১২ এর ১ম সপ্তাহ থেকে ১১টি লটে ইকুইপমেন্টস ক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয় এবং দরপত্রগুলি খোলার কাজ শেষ হয়েছে। ইতোমধ্যে দুটি কার্যাদেশ প্রদান করা হয়েছে ও মার্চ/২০১২ মাসের মধ্যে সকল কার্যাদেশ প্রদান করা হবে এবং জুন/২০১২ মাসের মধ্যে সকল যন্ত্রাদি ক্রয়ের কাজ সম্পাদন করা সম্ভব হবে।

**২.১০ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে মঞ্জুরীকৃত সকল প্রকার সাহায্যের অর্থ/চেক EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে আবেদনকারীদের একাউন্টে জমা করা প্রসঙ্গে।**

বোর্ডের ভাতাদি পরিশোধের ক্ষেত্রে ইএফটি চালু করার জন্য ৩১-১০-২০১১ তারিখে কম্পিউটার কাউন্সিল এর অনুমোদন পাওয়া গেছে। ইএফটির মাধ্যমে ভাতাদির লেনদেনের বিষয়টি পরীক্ষা নিরীক্ষা পূর্বক সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের সাথে রেট নির্ধারণ জন্য অর্থ বিভাগের যুগ্ম-সচিব (বাজেট-১) সভাপতি করে গঠিত কমিটির ০৭-১২-২০১১ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়ঃ-

(ক) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক মঞ্জুরীকৃত অর্থ ইএফটি এর মাধ্যমে উপকারভোগীদের হিসাব নম্বরে প্রেরণের ক্ষেত্রে সোনালী ব্যাংক লিঃ কোন প্রকার সার্ভিস চার্জ গ্রহণ করবে না।

(খ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সকল প্রকার সাহায্য কার্যক্রম পর্যায়ক্রমে ইএফটি এর মাধ্যমে পরিচালনা করা যেতে পারে।

(গ) ইএফটি কার্যক্রম চালু করার জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও সোনালী ব্যাংক লিঃ এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে।

**২.১১ টাইপ ও সেক্রেটারীয়েল সায়েন্স কোর্সের পরিবর্তে ব্লক, বুটিক, গ্রাফিক্স ডিজাইন, কারচুপি ও কনফেকশনারী কোর্স চালু করা প্রসংগে।**

সেক্রেটারীয়েল সায়েন্স কোর্স পূর্বের ন্যায় চালু আছে এবং ব্লক, বুটিক, গ্রাফিক্স ডিজাইন, কারচুপি ও কনফেকশনারী কোর্স চালু করার বিষয়ে বরিশাল বিভাগীয় কার্যালয় থেকে একটি প্রস্তাব পাওয়া গেলেও অন্যান্য বিভাগীয় কার্যালয় থেকে কোন প্রস্তাব পাওয়া যায়নি। বিভাগীয় কমিশনার, খুলনা জানান যে, মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থীর সংখ্যা খুবই কম এবং কেন্দ্রগুলি যে উদ্দেশ্যে চালু করা হয়েছিল তা পুরোপুরি বাস্তবায়িত হচ্ছে না। এ বক্তব্যের সাথে অন্যান্য বিভাগীয় কমিশনারগণও একমত পোষণ করেন। এ বিষয়ে সভাপতি মতামত ব্যক্ত করেন যে, কেন্দ্রগুলি যে উদ্দেশ্যে চালু করা হয়েছে সে উদ্দেশ্যে পূরণকল্পে কি কি ব্যবস্থা গ্রহণ করা যায় সে বিষয়গুলি পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন দেয়ার জন্য বিভাগীয় কমিশনারগণকে অনুরোধ করেন।

CamScanner

**সিদ্ধান্ত ঃ** কেন্দ্রগুলো ভালভাবে চালানোর জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা যায় তা পরীক্ষা-নিরীক্ষা করে বিভাগীয় কমিশনারগণ প্রতিবেদন প্রদান করবেন।

**বাস্তবায়ন ঃ** (১) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল।

(২) উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল।

**২.১২ বোর্ডের বিভাগীয় কার্যালয় খুলনা কর্তৃক পরিচালিত মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মূল ভবন ও সীমানা প্রাচীর মেরামত কাজের প্রাক্কলন সংক্রান্ত।**

বোর্ডের বিভাগীয় কার্যালয় খুলনা কর্তৃক পরিচালিত মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মূল ভবন ও সীমানা প্রাচীর মেরামত কাজের প্রাক্কলন খুলনা বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর অনুমোদনক্রমে এ সংস্কার কাজ সম্পাদন করার সিদ্ধান্তের প্রেক্ষিতে টাঃ ৮,৫৪,৪১২/- এর একটি প্রক্কলন সভায় অনুমোদনের জন্য পেশ করা হলে উক্ত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত ঃ** খুলনার মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মূল ভবন ও সীমানা প্রাচীর মেরামত কাজের জন্য টাঃ ৮,৫৪,৪১২/- এর প্রাক্কলন অনুমোদন করা হয়।

**বাস্তবায়ন ঃ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও খুলনা গণপূর্ত বিভাগ।

**২.১৩ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল কর্মকান্ড তথ্য প্রযুক্তির আওতায় তৃণমূল পর্যায়ে সাহায্য পৌছে দেয়ার জন্য আইসিটি সংশ্লিষ্ট পদ সৃজন এবং কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাদি ক্রয় সংক্রান্ত।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় ও ৭টি বিভাগীয় কার্যালয়ের জন্য আইসিটি সংশ্লিষ্ট বিভিন্ন ক্যাটাগরির ১৮(আঠার) টি পদ সৃজন, ৭টি সার্ভার, ১৪টি কম্পিউটার, ১০টি স্ক্যানার, ৮টি লেজার প্রিন্টার, ২১টি ইউপিএস, ৭টি ল্যান সুইচ, ৭টি রাউটার টিওএন্ডই-তে অন্তর্ভূক্তি করার জন্য ১৬-১০-১১ তারিখে পত্র প্রেরণ করা হয় বলে সভায় জানানো হয়।

**সিদ্ধান্ত ঃ** বোর্ডের প্রধান কার্যালয় ও ৭টি বিভাগীয় কার্যালয়ের জন্য আইসিটি সংশ্লিষ্ট বিভিন্ন ক্যাটাগরির ১৮(আঠার) টি পদ ও যন্ত্রাদি টিওএন্ডইতে অন্তর্ভূক্তি করার বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে সম্পাদন করা হবে।

**বাস্তবায়ন ঃ** মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**২.১৪ বোর্ডের মহাপরিচালকের জন্য ১টি জীপ, ২ জন পরিচালকের জন্য ২টি কার ও ৭টি বিভাগীয় কার্যালয়ের জন্য ৭টি মাইক্রোবাস ক্রয়ের প্রস্তাব ও গাড়ীগুলো টিওএন্ডই-তে অর্ন্তভূক্তিকরণ প্রসঙ্গে।**

বোর্ডের মহাপরিচালকের জন্য ১টি জীপ, বিশেষ বিবেচনায় ২ জন পরিচালকের জন্য ২টি কার ও ৭টি বিভাগীয় কার্যালয়ের জন্য ৭টি মাইক্রোবাস ক্রয় ও গাড়ীগুলো টিওএন্ডই-তে অর্ন্তভূক্তিকরণের জন্য ০৩-০১-২০১২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয় বলে সভায় জানানো হয়। এ বিষয়ে সভাপতি

অভিমত ব্যক্ত করেন যে, কল্যাণ বোর্ডের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও মাঠ পর্যায়ে তদারকির জন্য লজিষ্টিক সাপোর্ট হিসেবে গাড়ীর প্রয়োজনীয়তা রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** গাড়ীগুলো টিওএন্ডইতে অন্তর্ভূক্তি করার বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে সম্পাদন করা হবে।

**বাস্তবায়ন ঃ** মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**২.১৫ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ প্লটটির ১০ কাঠা জায়গা বাংলাদেশ শিপিং কর্পোরেশনকে সাময়িকভাবে ব্যবহারের অনুমতি প্রসংগে।**

বোর্ডের মহাপরিচালক দিলকুশাস্থ জায়গাটি সরেজমিনে পরিদর্শন করেছেন। বায়তুল মোকাররম মসজিদে মুসুল্লিদের যাতায়াতের নিমিত্ত রাস্তা নির্মানের জন্য গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ৭.১৩ কাঠা জমি অধিগ্রহণ করা হলেও জায়গাটি আনুষ্ঠানিকভাবে বোর্ড কর্তৃক হস্তান্তর করা হয়নি। উক্ত জমির মালিকানা বিষয়ে ০৯-০৭-১৯৮৪ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, উক্ত রাস্তাটি কল্যাণ বোর্ড ও বায়তুল মোকাররম মসজিদের মুসল্লিগণ যাতায়াতের জন্য ব্যবহার করবেন এবং জায়গাটি কল্যাণ বোর্ডে মালিকানাধীন থাকবে। জায়গাটি বোর্ডকে বুঝিযে দেয়ার জন্য ০৫-১২-২০১১ তারিখে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরকে পত্র দেয়া হয়। ইতোমধ্যে নির্বাহী প্রকৌশলী কর্তৃক নির্মাণকৃত রাস্তার দায়-দেনা পরিশোধ করণ এবং কল্যাণ বোর্ডের অনুকূলে ৭.১৩ কাঠা জমি ফেরত প্রদানের বিষয়ে পত্রের মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নির্দেশনা চাওয়া হয়েছে। এ বিষয়ে সভাপতি মতামত ব্যক্ত করেন যে, ৭.১৩ কাঠা জমি বোর্ডকে বুঝিয়ে দেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে ও প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে সমাধান করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** ৭.১৩ কাঠা জমি বোর্ডকে বুঝিয়ে দেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে এবং প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে সমাধান করতে হবে।

**বাস্তবায়ন ঃ** মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**আলোচ্য বিষয় ০৩ ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদেয় বিশেষ চিকিৎসা সাহায্য পরিশোধের খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

২০১১-২০১২ অর্থ বছরে কল্যাণ তহবিলের বাজেটে পেনশন ও গ্রাচ্যুইটি বাবদ টাঃ ৩৫,০০,০০০/- বরাদ্দ রাখা হয়েছে। এ খাত হতে এ অর্থ বছরে টাঃ ২৮,০০,০০০/- ব্যয় হবে এবং টাঃ ৭,০০,০০০/- অবশিষ্ট থাকবে । এ অবশিষ্ট টাকা পেনশন ও গ্রাচ্যুইটি খাত হতে চিকিৎসা সাহায্য খাতে বাজেট ঘাটতি থাকায় উক্ত টাঃ ৭,০০,০০০/- বিশেষ সাহায্য (চিকিৎসা/শিক্ষা-বৃত্তি/দাফন/ অন্তিষ্টিক্রিয়া) খাতে স্থানান্তর করার প্রস্তাব করা হলে উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত ঃ** কল্যাণ তহবিলের পেনশন ও গ্রাচ্যুইটি খাত হতে টাঃ ৭,০০,০০০/- বিশেষ সাহায্য খাতে স্থানান্তর করার প্রস্তাব অনুমোদন করা হয়।

**বাস্তবায়ন ঃ** মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

CamScanner

**আলোচ্য বিষয় ০৪ ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত ষ্টাফ-বাস কর্মসূচীর জন্য ১৪টি গাড়ীচালক, ২টি সহকারী মেকানিক, ৩টি মেকানিক হেলপার ও ১২টি বাস হেলপার পদ সৃষ্টি সংক্রান্ত।**

স্টাফবাস কর্মসূচীতে ঢাকা মহানগরীতে ৫৩ টি, চট্টগ্রামে ২টি, রাজশাহীতে ২টি, খুলনায় ১টি, বরিশালে ১টি, সিলেটে ১টি এবং রাঙ্গামাটি জেলায় ১টি সহ মোট ৬১টি গাড়ী রয়েছে এবং বাসগুলির অধিকাংশই পুরাতন। স্টাফবাস কর্মসূচীতে বিআরটিসি থেকে ৮টি দ্বিতল বাস ও ৩টি ১তলা বাস মোট ১১টি বাস ভাড়া করা হয়েছে। ২০১১-২০১২ অর্থ বছরে রাজস্ব খাতে টাঃ ৫.০০ (পাঁচ) কোটি বরাদ্দ রাখা হয়েছে এবং উক্ত টাকা দ্বারা ১২টি বড় বাস ও ২টি মিনি বাস ক্রয়ের জন্য প্রগতি ইন্ডাসট্রিজ লিঃ কার্যাদেশ দেয়া হয়েছে। স্টাফবাস কর্মসূচীর অধিকাংশ গাড়ী পুরাতন হওয়ায় গাড়ীগুলি দৈনন্দিন মেরামতের ক্ষেত্রে মেকানিক স্বল্পতার কারণে গাড়ীগুলি যথাসময়ে মেরামত করা সম্ভব হয়না বিধায় মেকানিক ও নতুন গাড়ী ক্রয়ের ক্ষেত্রে গাড়ী চালনার জন্য নিম্নবর্ণিতভাবে পদ সৃষ্টির প্রস্তাব করা হয়।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল (২০০৯ অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | গাড়ীচালক | ১৪ (চৌদ্দ) টি | টাঃ ৪৯০০-১০৪৫০/- | নিয়োগ বিধি প্রণয়ন করা আছে। |
| ০২. | সহকারী মেকানিক | ২ (দুই) টি (১ টি ইলেকট্রিক ও ১টি ইঞ্জিন) | টাঃ ৪,৫০০-৯,০৯৫/- | - ঐ - |
| ০৩. | মেকানিক হেলপার | ৩ (তিন) টি | টাঃ ৪১০০-৭৭৪০/- | - ঐ - |
| ০৪. | বাস-হেলপার | ১২ (বার) টি | টাঃ ৪১০০-৭৭৪০/- | - ঐ - |

প্রস্তাবটি সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত ঃ** স্টাফবাস কর্মসূচীর জন্য ১৪টি গাড়ীচালক, ২টি সহকারী মেকানিক, ৩ টি মেকানিক হেলপার ও ১২টি বাস হেলপার এর পদ জাতীয় বেতন স্কেলে সৃষ্টির প্রস্তাব অনুমোদন করা হয়।

**বাস্তবায়ন ঃ** (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

(২) উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**আলোচ্য বিষয় ০৫ ঃ সিলেট বিভাগীয় সদর দপ্তরের অনুকূলে বরাদ্দকৃত স্টাফ বাসে বিবিধ সমস্যা নিরসন এবং মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী সরকারি কর্মচারীদের বিনা ভাড়ায় স্টাফ বাসে যাতায়াত সংক্রান্ত।**

সিলেট বিভাগের সরকারি কর্মচারীগণের যাতায়াতের জন্য ১টি মিনি বাস রয়েছে। স্টাফ বাসে যাতায়াতের জন্য বড় বাস প্রতি কিঃমিঃ টাঃ ০.২০ এবং মিনিবাস প্রতি কিঃ মিঃ টাঃ ০.৪০ হারে ভাড়া আদায় করা হয়। সিলেট বিভাগের স্টাফবাসটি ০২ মাস ১২ দিন যান্ত্রিক ত্রুটির কারণে বন্ধ থাকায় উক্ত বাসের যাত্রীগণ বাস বন্ধ থাকাকালীন সময়ের ভাড়া মওকুফের জন্য দাবী করেন। স্টাফবাসে যাতায়াতে টিকেটের 'খ' ও 'গ' নং শর্ত অনুযায়ী ভাড়া মওকুফের কোন সুযোগ নেই। তদানুযায়ী সংশ্লিষ্ট বিভাগে স্টাফ বাসের বকেয়া ভাড়া আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে বলে সভায় সকলেই একমত হন। অপরদিকে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা

ও প্রতিবন্ধীদের যাতায়াত ও অন্যান্য ক্ষেত্রে রেলওয়ে, বিআরটিসি ও জলযান বিনা ভাড়ায় যাতায়াতের বিষয়ে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকলেও স্টাফবাসে বিনা ভাড়ায় যাতায়াতের বিষয়ে উল্লেখ না থাকায় এ বিষয়ে বোর্ডের সিদ্ধান্তের জন্য পেশ করা হয়। এ বিষয়ে সভাপতি জানান যে, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধিদের জাতীয়ভাবে বিভিন্ন সুবিধা প্রদানের বিধান থাকলে স্টাফবাসেও অনুরূপভাবে বিনা ভাড়ায় যাতায়াতের সুবিধা প্রদান করা যেতে পারে। এছাড়া মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের স্টাফবাসে বিনা ভাড়ায় যাতায়াতের সুবিধা প্রদানের বিষয়ে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সুনির্দিষ্ট মতামত প্রদানের জন্য পত্র দেয়া হলেও এ বিষয়ে কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। সিদ্ধান্ত পাওয়া গেলে তদানুসারে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** (১) স্টাফবাসে যাতায়াতের জন্য টিকেটের শর্তানুযায়ী বকেয়া ভাড়া আদায় করতে হবে।

(২) যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধি কর্মকর্তা/কর্মচারীদের স্টাফবাসে বিনা ভাড়ায় যাতায়াতের সুবিধা প্রদানের বিষয়ে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে সিদ্ধান্ত পাওয়া গেলে তদানুসারে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

**বাস্তবায়ন ঃ** (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

(২) উপ-পরিচালক(সকল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**আলোচ্য বিষয় ০৬ ঃ ঝাড়ুদারের বেতন বৃদ্ধি প্রসঙ্গে।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২য় সভায় বিভাগীয় কার্যালয়, ঢাকার জন্য ১ জন ঝাড়ুদার নিয়োগের অনুমোদন দেয়া হয়। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে মাসিক টাঃ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) মাত্র পারিশ্রমিকে ১ জন ঝাড়ুদার নিয়োগ করা হয়। বর্তমানে দ্রব্যমূল্য উর্ধগতির কারণে উক্ত ঝাড়ুদারের বেতন নুনতম পক্ষে মাসিক টাঃ ৫,০০০/- হওয়া বাস্তব ও যুক্তিসঙ্গত বলে বিভাগীয় কার্যালয় হতে ঝাড়ুদারের বেতন বৃদ্ধির জন্য প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। প্রস্তাব বিবেচনা করে টাঃ ১,৫০০/- এর স্থলে টাঃ ২,০০০/- পুনঃ নির্ধারণ করা যেতে পারে বলে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** ঝাড়ুদারের বেতন টাঃ ১,৫০০/- এর স্থলে টাঃ ২,০০০/- পুনঃ নির্ধারণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.৩.১২

(আবদুস সোবহান সিকদার)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

স্থির- করা হলো।
২৭.৭.১২

আবদুস সোবহান সিকদার
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিলের ২০১০-২০১১ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১১-২০১২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট

| খাত | ২০১০-২০১১ অর্থ বছরের বাজেট | ২০১০-২০১১ অর্থ বছরের প্রকৃত আয় | ২০০৯-২০১০ অর্থ বছরের প্রকৃত আয় | ২০১১-২০১২ অর্থ বছরের প্রস্তাবিত আয় |
|---|---|---|---|---|
| কর্মচারীদের চাঁদা বাবদ | ৩৬,০০,০০,০০০.০০ | ৩৭,৭৩,৭৭,৮৩৮.০০ | ৩৪,৫৮,৫৫,৮৮৬.০০ | ৩৮,০০,০০,০০০.০০ |
| ... সংস্থার ...দের কল্যাণ ...বদ | ৩৮,০০,০০০.০০ | ৩৭,২৯,২৬৭.০০ | ৩৫,৮১,৬৮২.০০ | ৩৮,০০,০০০.০০ |
| ...ফা | ১১,১২,০০,০০০.০০ | ১১,১২,০০,০০০.০০ | ১৭,১০,০০,০০০.০০ | ১১,৩৫,০০,০০০.০০ |
| ...নিজের মুনাফা | ২০,০০,০০০.০০ | ২১,৯৫,৩০৫.০০ | ১৯,৭৭,৫৮৭.০০ | ২২,০০,০০০.০০ |
| ...অন্যান্য | ৫,০০,০০০.০০ | ৪,৭৮,৯০০.০০ | ৪,১৬,৩৭২.০০ | ৫,০০,০০০.০০ |
| ...চাঁদা কর্তন | ৬,০০,০০০.০০ | ৪,৯২,৬৮৮.০০ | ৫,৫৬,৯০০.০০ | ৬,০০,০০০.০০ |
| ...র্ব বছরের | ২,৪০,৫৯,৯৬২.০০ | ----- | ----- | ----- |
| ...বছরের ... | ----- | ----- | ----- | ১,৮৭,১২,৫২০.৮০ |

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ২০১০-২০১১ অর্থ বছরের বাজেট বরাদ্দ | ২০১০-২০১১ অর্থ বছরের প্রকৃত ব্যয় | ২০০৯-২০১০ অর্থ বছরের প্রকৃত ব্যয় | ২০১১-২০১২ অর্থ বছরের প্রস্তাবিত বরাদ্দ |
|---|---|---|---|---|---|
| ০১। | আইনের ১৬ ধারা মতে মৃত/অবসর/ অক্ষম/ কর্মচারীদের পরিবার ও নিজের জন্য কল্যাণ অনুদান বাবদ | ৪৩,০০,০০,০০০.০০ | ৪৩,০০,০০,০০০.০০ | ৪২,০০,০০,০০০.০০ | ৫৪,৭২,০০,০০০.০০ |
| ০২। | আইনের ১৫ ধারা মতে চিকিৎসা সাহায্য, দাফন/দাহ এবং অন্যান্য অন্ত্যেষ্টিক্রিয়া বাবদ | ৪,২২,০০,০০০.০০ | ৪,২৫,০০,০০০.০০ | ৪,৯৯,০০,০০০.০০ | ৪,৪৯,০২,০০০.০০ |
| ০৩। | বিধির ১৮ ধারা মোতাবেক কোন কর্মচারী সরকারি দায়িত্ব পালনকালে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হইয়া পড়িলে তাহাকে আইনগত আর্থিক সহায়তা প্রদান | --- | --- | --- | --- |
| | মোট : | ৪৭,২৫,০০,০০০.০০ | ৪৭,২৫,০০,০০০.০০ | ৪৬,৯৯,০০,০০০.০০ | ৫৯,২১,০২,০০০.০০ |
| ০৪। (ক) | প্রাতিষ্ঠানিক খরচ : | | | | |
| (০১) | অফিসারদের বেতন | ৮,০০,০০০.০০ | ৬,৫০,২০০.০০ | ৩,২৫,২০০.০০ | ৬,৫০,০০০.০০ |
| (০২) | কর্মচারীদের বেতন | ২৫,০০,০০০.০০ | ২১,২৩,৪০৭.০০ | ১৭,৭৭,৪২৭.০০ | ২২,০০,০০০.০০ |
| (খ) | অন্যান্য ভাতাদি :- | | | | |
| (০১) | বাড়ী ভাড়া ভাতা | ২০,০০,০০০.০০ | ১৫,৪৬,১৬৮.০০ | ১২,০০,২৬৩.০০ | ১৭,৫০,০০০.০০ |
| (০২) | চিকিৎসা/টিফিন ভাতা | ৪,০০,০০০.০০ | ২,৪৩,৬৯০.০০ | ১,২৭,৬০০.০০ | ৩,০০,০০০.০০ |
| (০৩) | যাতায়াত ভাতা | ৭৫,০০০.০০ | ৪৫,২৪০.০০ | ৩৪,০০০.০০ | ৭৫,০০০.০০ |
| (০৪) | শিক্ষা-ভাতা | ১,০০,০০০.০০ | ৬০,৭০০.০০ | --- | ৭৫,০০০.০০ |
| (০৫) | সম্মানী ভাতা (বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের) | ৫০,০০০.০০ | ৩৫,১০০.০০ | ৩০,৭০০.০০ | ৫০,০০০.০০ |
| (০৬) | ধোলাই ভাতা | ১০,০০০.০০ | ৬,৪২০.০০ | ৬,০০০.০০ | ১০,০০০.০০ |
| (০৭) | শ্রান্তি বিনোদন ভাতা | ১,১০,০০০.০০ | ৯৭,০০০.০০ | ৮০,০০০.০০ | ১,১০,০০০.০০ |
| (০৮) | ভ্রমণ ভাতা | ১,০০,০০০.০০ | ৫৫,৭৪৪.০০ | ১৭,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| (০৯) | উৎসব ভাতা | ৪,৫০,০০০.০০ | ৪,৪৯,০০০.০০ | ৩,৭১,৬৭০.০০ | ৫,০০,০০০.০০ |
| (১০) | কার্যভার ভাতা | ৪০,০০০.০০ | ২৪,১১৪.০০ | ১৫,৪৭০.০০ | ৪০,০০০.০০ |
| (১১) | যৌথবীমার প্রিমিয়াম | ২৫,০০০.০০ | ১৫,৫০০.০০ | ১৪,৫৫০.০০ | ৩০,০০০.০০ |
| (১২) | গ্রেচ্যুইটি ও অবসরভাতা | ৩৫,০০,০০০.০০ | ২১,৫৮,৮০০.০০ | ১৯,০০,০০০.০০ | ৩৫,০০,০০০.০০ |
| (১৩) | ভবিষ্য তহবিল চূড়ান্ত পরিশোধ | ১০,০০,০০০.০০ | ৭,৮৮,৪৭৫.০০ | ৪,১১,১৬৫.০০ | ১০,০০,০০০.০০ |
| (১৪) | ভবিষ্য তহবিল স্থানান্তর | ৩,০০,০০০.০০ | --- | --- | ৩,০০,০০০.০০ |
| (১৫) | মহার্ঘ ভাতা/২০০৯ পে-কমিশন বাস্তবায়ন | --- | --- | ৭,৯১,২২২.০০ | --- |
| (১৬) | বিভাগীয় অফিসের জন্য বাড়ী ভাড়া | ১,৮০,০০০.০০ | --- | --- | ১,৮০,০০০.০০ |
| | মোট : | ১,১৬,৩৫,০০০.০০ | ৮০,৩১,৪২০.০০ | ৭২,০৫,০৩০.০০ | ১,১১,৭০,০০০.০০ |
| ০৫। | বিভিন্ন অগ্রিম : | | | | |
| (০১) | মটর সাইকেল অগ্রিম | ৭০,০০০.০০ | --- | --- | ৭০,০০০.০০ |
| (০২) | গৃহ নির্মাণ অগ্রিম/মেরামত | ৩,০০,০০০.০০ | --- | --- | ৩,০০,০০০.০০ |
| (০৩) | ভবিষ্য তহবিল অগ্রিম | ৭,০০,০০০.০০ | ৬,১২,০০০.০০ | ৬,৭৯,০০০.০০ | ৭,০০,০০০.০০ |
| | মোট : | ১০,৭০,০০০.০০ | ৬,১২,০০০.০০ | ৬,৭৯,০০০.০০ | ১০,৭০,০০০.০০ |
| ০৬। | অন্যান্য প্রাতিষ্ঠানিক খরচ : | | | | |
| (০১) | আসবাবপত্র ক্রয় ও মেরামত | ৭,০০,০০০.০০ | ২,৭৩,৫৫৬/- | ১,২৬,৭২০.০০ | ৭,০০,০০০.০০ |
| (০২) | টেলিফোন বিল | ৫০,০০০.০০ | ৪৮,০৫২.০০ | ৩০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| (০৩) | ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক | ২৫,০০০.০০ | ৩,৪২০.০০ | ১০,০০০.০০ | ২২,০০০.০০ |
| (০৪) | স্টেশনারি ডাক টিকেট ক্রয় | ৪,০০,০০০.০০ | ১,২২,০০০.০০ | ২,০০,০০০.০০ | ৩,০০,০০০.০০ |
| (০৫) | মনোহারী দ্রব্যাদি ক্রয় | ১,০০,০০০.০০ | ৭৪,৭৫০.০০ | ৭২,০০০.০০ | ১,৩০,০০০.০০ |
| (০৬) | অফিস বাগান | ৩০,০০০.০০ | ১৭,১০৭.০০ | ২১,৬০৭.০০ | ৩০,০০০.০০ |
| (০৭) | আনুষঙ্গিক খরচ (অতিরিক্ত) | ৪,০০,০০০.০০ | ৩,৭৮,৯৫১.০০ | ২,১১,০০০.০০ | ৪,০০,০০০.০০ |
| (০৮) | বোর্ডের সদস্যদের সম্মানী ও আপ্যায়ন খরচ | ৩,০০,০০০.০০ | ১,৪৫,০০০.০০ | ৬০,০০০.০০ | ৩,০০,০০০.০০ |
| (০৯) | টাইপ মেশিন ক্রয় ও মেরামত | ৩০,০০০.০০ | ২৩,০০০.০০ | ৫,০০০.০০ | --- |
| (১০) | বিজ্ঞাপন খরচ | ৫০,০০০.০০ | ৩১,২০০.০০ | [illegible] | ৫০,০০০.০০ |
| (১১) | পানি ও বিদ্যুৎ | ২,০০,০০০.০০ | ২৭,০১৪.৫০ | --- | ২,০০,০০০.০০ |
| (১২) | [illegible] খরচ | ২,০০,০০০.০০ | [illegible] | [illegible] | ২,০০,০০০.০০ |
| (১৩) | [illegible] | ২,০০,০০০.০০ | [illegible] | [illegible] | ৩,০০,০০০.০০ |
| (১৪) | কম্পিউটার ক্রয়, [illegible] এবং কম্পিউটার ও এ.সি. সংরক্ষণ | ৭,০০,০০০.০০ | [illegible] | [illegible] | ১০,০০,০০০.০০ |
| (১৫) | গাড়ী ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| (১৬) | [illegible] মেশিন ক্রয়/মেরামত | ১,০০,০০০.০০ | [illegible] | [illegible] | ১,০০,০০০.০০ |
| (১৭) | [illegible] | ১,০০,০০০.০০ | [illegible] | --- | ১,০০,০০০.০০ |
| ০৭। | [illegible] বাবদ | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| | মোট : | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| | মোট প্রাতিষ্ঠানিক খরচ (৪+৫+৬+৭) : | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| | মোট ব্যয় নং (১+২+৩+৪+৫+৬+৭) : | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| | উদ্বৃত্ত (+)/ ঘাটতি (-) | (+) [illegible] | (+) [illegible] | (+) [illegible] | (+) [illegible] |

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, চৌধুরীপাড়া [illegible] এর ২০১০-২০১১ অর্থ বছরের অনুমোদিত বাজেট এবং ২০১১-২০১২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট

| | ২০১০-২০১১ অর্থ বছরের বাজেট বরাদ্দ | ২০১০-২০১১ অর্থ বছরের প্রকৃত আয় | ২০০৯-২০১০ অর্থ বছরের প্রকৃত আয় | ২০১১-২০১২ অর্থ বছরের প্রত্যাশিত আয় |
|---|---|---|---|---|
| [illegible]র্জনের | ৬,২০,০০,০০০.০০ | ৩,৫৯,৯৮,২৬৭.০০ | ৩,৯০,৬৭,২৭৫.০০ | ৪,৫০,০০,০০০.০০ |
| : প্রিমিয়াম | ৩০,০০,০০০.০০ | ২৯,৭৫,২০১.০০ | ২৯,৯১,৩০০.০০ | ৩০,০০,০০০.০০ |
| [illegible]চারীদের অনুদান | ২৪,০০,০০,০০০.০০ | 25,00,00,000.00 | ২৪,০০,০০,০০০.০০ | ২৫,০০,০০,০০০.০০ |
| | ২,৭৪,০০,৩৯৫.০০ | ২,৭০,৭২,০০০.০০ | ৩,৯২,০৮,০০০.০০ | ৪,০৫,৯০,০০০.০০ |
| [illegible]মূল্য | ১২,০০,০০০.০০ | ৯,০০,০০০.০০ | ১৪,২৬,০০০.০০ | ১০,০০,০০০.০০ |
| [illegible]অন্যান্য) | ১,০০,০০০.০০ | ৯৬,২৭৪.০০ | ১,৬৭,১৮৮.০০ | ১,০০,০০০.০০ |
| [illegible]নে বিক্রী [illegible] | ৫,০০,০০০.০০ | ৪,৯০,[illegible] | [illegible]৫,২০,০০০.০০ | ৫,০০,০০০.০০ |
| [illegible]লা বিক্রি [illegible] | ২,৫০,০০০.০০ | ২,৪৪,৯৪০.০০ | ২,২৭,০০০.০০ | ২,৫০,০০০.০০ |
| [illegible] অর্থ | ৯,২২,০২,৪৭১.০১ | ৯,২২,০২,৪৭১.০১ | --- | ২,৪৬,৮৮,১১৬.০১ |
| মোট : | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ২০১০-২০১১ অর্থ বছরের বাজেট বরাদ্দ | ২০১০-২০১১ অর্থ বছরের প্রকৃত ব্যয় | ২০০৯-২০১০ অর্থ বছরের প্রকৃত ব্যয় | ২০১১-২০১২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট |
|---|---|---|---|---|---|
| ০১। | চৌধুরীপাড়া নারী হোস্টেল | ৩৯,৫০,০০,০০০.০০ | ৩৭,৭০,০০,০০০.০০ | ২৭,৫০,০০,০০০.০০ | ৩৫,০০,০০,০০০.০০ |
| | মোট : | ৩৯,৫০,০০,০০০.০০ | ৩৭,৭০,০০,০০০.০০ | ২৭,৫০,০০,০০০.০০ | ৩৫,০০,০০,০০০.০০ |
| ০২। (ক) | প্রাতিষ্ঠানিক ব্যয়: | | | | |
| (১) | কর্মকর্তাদের বেতন | ৮,০০,০০০.০০ | ৫,০৪,০০২.০০ | ৬,৯৫,১০৮.০৬ | ৬,০০,০০০.০০ |
| (২) | কর্মচারীদের বেতন | ২০,০০,০০০.০০ | ১৮,৬২,৫৮৮.০০ | ১৫,২৯,০৫৮.৭২ | ২২,০০,০০০.০০ |
| (খ) | অন্যান্য ভাতাদি : | | | | |
| (৩) | বাড়ী ভাড়া ভাতা | ১৫,০০,০০০.০০ | ১২,৪২,০৫১.০০ | ৯,৯০,১১১.১০ | ১৬,০০,০০০.০০ |
| (৪) | চিকিৎসা ভাতা | ২,৫০,০০০.০০ | ১,৮৮,০০০.০০ | ১,৪৫,০০০.০০ | ২,৫০,০০০.০০ |
| (৫) | যাতায়াত ও টিফিন ভাতা | ১,০০,০০০.০০ | ৬৬,৫৯৬.০০ | ৪৭,৮৭৭.৭৪ | ১,০০,০০০.০০ |
| (৬) | কার্যভার ভাতা | ৫০,০০০.০০ | --- | --- | ৫০,০০০.০০ |
| (৭) | ধোলাই ভাতা | ১০,০০০.০০ | ৭,৫০০.০০ | ৪,০০০.০০ | ১০,০০০.০০ |
| (৮) | মহার্ঘ ভাতা | ৩২,০০,০০০.০০ | ২০,০০,২৫০.০০ | ৪,৪২,৪৮০.৪৮ | ৩২,০০,০০০.০০ |
| (৯) | চিত্ত বিনোদন ভাতা | ১,২২,০০০.০০ | ৫০,০৬০.০০ | ৪১,৯৮০.০০ | ১,০০,০০০.০০ |
| (১০) | ভবিষ্য তহবিল পরিশোধ (চুড়ান্ত) | ১২,০০,০০০.০০ | ৮,৫৯,২৭৪.০০ | ১,৯২,০০০.০০ | ১২,০০,০০০.০০ |
| (১১) | ভবিষ্য তহবিল স্থানান্তর | ৩,০০,০০০.০০ | --- | --- | ৩,০০,০০০.০০ |
| (১২) | ভ্রমণ ভাতা | ২,৫০,০০০.০০ | ৫৯,০০০.০০ | ২,৬৮,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| (১৩) | উৎসব ভাতা | ৬,০০,০০০.০০ | ৩,৮২,২০৫.০০ | ২,৬৩,২৭০.০০ | ৫,০০,০০০.০০ |
| (১৪) | সম্মানী ভাতা(বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের) | ১,০০,০০০.০০ | ২২,০০০.০০ | ৫০,০০০.৭০ | ১,০০,০০০.০০ |
| (১৫) | মহার্ঘ ভাতা/বেতন স্কেল, ২০০৯ বাস্তবায়নে | --- | --- | ৬,৩৩,৮৮৯.৭৬ | --- |
| (১৬) | শিক্ষা সহায়ক ভাতা | ১,০০,০০০.০০ | ৪৪,১০০.০০ | --- | ১,০০,০০০.০০ |
| (১৭) | বাড়ী ভাড়া(বিভাগীয় অফিসের জন্য) এবং পানি ও বিদ্যুৎ | ৩,০০,০০০.০০ | | --- | ৩,০০,০০০.০০ |
| | মোট : | ১,১১,৮৫,০০০.০০ | ৭৩,৬৬,১০৪.০০ | ৭২,৫৩,০১৮.৯৯ | ১,১০,১০,০০০.০০ |
| ০৩। | বিভিন্ন অগ্রীম | | | | |
| (১) | সাইকেল অগ্রিম | --- | ------ | --- | --- |
| (২) | মটর সাইকেল অগ্রিম | ৭০,০০০.০০ | ---- | --- | ৭০,০০০.০০ |
| (৩) | গৃহ নির্মাণ অগ্রিম | ৩,৫০,০০০.০০ | --- | --- | ৩,৫০,০০০.০০ |
| (৪) | সাধারণ ভবিষ্য তহবিল অগ্রিম | ৫,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ | ৩,০০,০০০.০০ | ৫,০০,০০০.০০ |
| | মোট : | ৯,২০,০০০.০০ | ১,০০,০০০.০০ | ৩,০০,০০০.০০ | ৯,২০,০০০.০০ |
| ০৪। | অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয় : | | | | |
| (১) | আসবাবপত্র ক্রয় ও মেরামত | ৩,০০,০০০.০০ | ৮০,০০০.০০ | ৫০,০০০.০০ | ২,০০,০০০.০০ |
| (২) | ফটোষ্ট্যাট মেশিন/কম্পিউটার রক্ষণাবেক্ষণ | ১,০০,০০০.০০ | ২০,৭৬০.০০ | ৫,৮০০.০০ | ৫০,০০০.০০ |
| (৩) | সার্ভিস ডাক টিকেট ক্রয় | ৩,০০,০০০.০০ | ১,২০,০০০.০০ | ১,৪৫,০০০.০০ | ১,৫০,০০০.০০ |
| (৪) | চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক | ৫০,০০০.০০ | ৯,০০০.০০ | ২০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| (৫) | টাইপ মেশিন মেরামত | ১০,০০০.০০ | ৪,০০০.০০ | ৫,০০০.০০ | --- |
| (৬) | মনোহারী দ্রব্য | ১,০০,০০০.০০ | ৭০,০০০.০০ | ৪৮,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| (৭) | টেলিফোন | ৫০,০০০.০০ | ১৮,৪৮১.০০ | ১৬,৯৯৪.০০ | ৫০,০০০.০০ |
| (৮) | ব্যাংক চার্জ | ২০,০০০.০০ | ১০,৬০১.০০ | ১০,৪০৯.০০ | ২০,০০০.০০ |
| (৯) | আনুষাঙ্গিক(কন্টিনজেন্সী) | ১,০০,০০০.০০ | ৭০,৯৬১.০০ | ৫৬,৯২৭.০০ | ১,৫০,০০০.০০ |
| (১০) | বোর্ডের সদস্যদের সম্মানী ও আপ্যায়ন | ৮০,০০০.০০ | ১২,০০০.০০ | ১২,০০০.০০ | ৮০,০০০.০০ |
| | মোট : | ১১,১০,০০০.০০ | ৪,২১,৮০০.০০ | ৩,৭০,২১১.০০ | ৮,০০,০০০.০০ |
| | মোট প্রাতিষ্ঠানিক ব্যয় (২+৩+৪) | ১,৩২,১৫,০০০.০০ | ৭৯,১৭,৯০৭.০০ | ৫৯,৫৯,২৮৩.৯৯ | ১,২৭,৩০,০০০.০০ |
| | সর্ব মোট ক্রমিক নং (১+২+৩+৪) | ৪০,৮২,১৫,০০০.০০ | ৩৮,৪৯,১৭,৯০৭.০০ | ২৮,০৯,৫৯,২৮৩.৯৯ | ৩৬,২৭,৩০,০০০.০০ |
| | উদ্বৃত্ত / ঘাটতি | (+) [illegible] | (+) [illegible] | (-) [illegible] | (+) [illegible] |
| | মোট : | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |